

## AKASHVANI (Kolkata)

### Regional News Unit

**Date : 23.02.2025**

**Desk in Charge : SDG**

**Time : 7.35 AM**

**Compiling & NR : S. BASU**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

#### বিশেষ বিশেষ খবর -

১) বাংলার বাড়ি প্রকল্পে উপভোক্তারা এখন দ্বিতীয় কিস্তির টাকার অপেক্ষা না করে নিজেরাই বাড়ি তৈরির কাজ সম্পূর্ণ করতে পারবেন।

# মোট ১২ লক্ষ উপভোক্তাকে প্রথম কিস্তির টাকা দিতে রাজ্য সরকারের খরচ হয়েছে ৭০০ কোটি টাকারও বেশী।

২/ ভোটার তালিকায় থাকা ভূয়ো ভোটারদের দ্রুত চিহ্নিত করে ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার। # বিষয়টি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৪) প্রয়াগরাজে মহাকুন্ডে যাওয়ার পথে দুর্ঘটনায় রাজ্যের ৬'পুণ্যার্থীর মৃত্যু। # শোক প্রকাশ মুখ্যমন্ত্রীর।

# উত্তর ২৪ পরগণার মিনাখাঁয় পথ দুর্ঘটনায় নিহত তিন।

৫) দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ'ও ঝড় বৃষ্টির পূর্বাভাস।

৬) ISL ফুটবলে সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপারজায়ান্ট আজ ওড়িশা এফসি-র মুখোমুখি হচ্ছে। বিজয়ী হলেই লীগ খেতাব পাবে মোহনবাগান।

\*\*\*\*\*

‘বাংলার বাড়ি’ প্রকল্পে প্রথম কিস্তির টাকা হাতে পাওয়ার পরে দ্বিতীয় কিস্তির জন্যে অপেক্ষা না করে যদি কোন উপভোক্তা নিজেরাই বাড়ি তৈরির কাজ সম্পূর্ণ করতে চায়, তবে তার অনুমতি দেওয়া হবে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের তরফে প্রতিটি জেলা শাসকের কাছে এই মর্মে পাঠানো হয়েছে নির্দেশ। বাড়ির কাজ সম্পূর্ণ করার জন্য আগামী জুন মাসে তাদের দ্বিতীয় কিস্তির ৬০ হাজার টাকা পেতে কোন অসুবিধা হবে না বলেও জানানো হয়েছে।

উল্লেখ্য, ‘বাংলার বাড়ি’ প্রকল্পের ১২ লক্ষ উপভোক্তাকে বাড়ি তৈরীর প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ প্রায় শেষ পর্যায়ে। তবে পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রামের মতো বেশ কিছু জেলায় হাজার দুয়েকের মতো বাড়ির এখনো পর্যন্ত চূড়ান্ত অনুমোদন মেলেনি। আবেদনগুলির নিষ্পত্তি করে দ্রুত টাকা দিয়ে দেওয়া হবে বলে যেত দপ্তর সূত্রে জানা গেছে। ১২ লক্ষ উপভোক্তাকে প্রথম কিস্তির টাকা দিতে রাজ্যের কোষাগার থেকে ৭০০ কোটি টাকারও বেশী ব্যয় হয়েছে বলে জানা গেছে।

\*\*\*\*\*

ভোটার তালিকায় থাকা ভূয়ো ভোটারদের দ্রুত চিহ্নিত করে ব্যবস্থা নিতে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ কড়া নির্দেশ দিয়েছেন। নবান্ন থেকে গতকাল এক ভারুয়াল বৈঠকে জেলা শাসকদের উদ্দেশে বার্তা দিয়ে তিনি বলেন, কোনওভাবেই যাতে ভূয়ো ভোটার কার্ড তৈরি না হয়, তা দেখতে হবে। আবেদন জমা পড়ার পর যথাযথ যাচাই হচ্ছে কিনা সেদিকেও নজর দিতে হবে বলে নির্দেশ দিয়েছেন তিনি। পাশাপাশি কোনও নির্দিষ্ট এলাকায় যদি অস্বাভাবিক সংখ্যক ভোটার কার্ডের আবেদন জমা পড়ে, সেখানে আরও কড়া নজরদারি চালাতে হবে। কোনও অনিয়ম ধরা পড়লে ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব।

উল্লেখ্য, সম্প্রতি দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের চম্পাহাটি পঞ্চায়েতের ভোটার তালিকা স্ক্রুটিনি করতে গিয়ে দেখা যায় যে মালদহ, মুর্শিদাবাদ, শিলিগুড়ির বাসিন্দাদের নাম তালিকায় রয়েছে।

এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার অনুপ্রবেশে মদত দিয়ে রোহিঙ্গাদের ভোটের তালিকায় জায়গা করে দিচ্ছে বলে বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন।

( বাইট- শমীক )

বিজেপির অভিযোগ খারিজ করে অনুপ্রবেশের জন্য কেন্দ্রীয় সরকারকেই দায়ী করেছেন তৃণমূল কংগ্রেস মুখপাত্র কুণাল ঘোষ।

( বাইট- কুণাল )

\*\*\*\*\*

কেন্দ্রীয় সরকারের নজরদারির অভাবের কারণেই জাল ওষুধের ব্যবহারে দেশে হাজার হাজার মানুষের মৃত্যু হচ্ছে বলে বর্ধমান-দুর্গাপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ কীর্তি আজাদ অভিযোগ করেছেন। দুর্গাপুরে গতকাল ESI হাসপাতালে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, কেন্দ্র যাদের ওষুধের লাইসেন্স দিচ্ছে, তারাই জাল ওষুধ বিক্রি করছে।

( বাইট- কীর্তি আজাদ )

এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী মলয় ঘটক। তিনি বলেন, ESI হাসপাতালে ক্রিটিকাল কেয়ার ইউনিট এবং সি-আর্ম মেশিন চালু হওয়ায় ছোট-বড় কলকারখানার কর্মীরা উপকৃত হবেন।

রাজ্য জুড়ে জাল ওষুধের কারবার নিয়ে শাসক তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

( বাইট- অধীর )

\*\*\*\*\*

উত্তরবঙ্গের আইনশৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার গতকাল একটি বৈঠক করেছেন। শিলিগুড়ি পুলিশ কমিশনারেটে উত্তরবঙ্গের জেলাগুলির পুলিশের শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

মাদক, চোরা চালান, অস্ত্র পাচার, অনুপ্রবেশ রোধের মতো একাধিক বিষয়, বৈঠকে উঠে এসেছে বলে খবর। কোথায় কি ধরনের সমস্যা রয়েছে তা' খতিয়ে দেখে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন রাজ্য পুলিশের ডিজি।

\*\*\*\*\*

হুগলির ডানকুনিতে CPIM-এর ২৭ তম রাজ্য সম্মেলন শুরু হয়েছে। দলের কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক প্রকাশ কারাত, রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ নেতৃবৃন্দ শহীদ বেদীতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

প্রকাশ কারাত বলেন, RSS-এর সাম্প্রদায়িক মতাদর্শ এখন দেশের নানা প্রান্তে জনভিত্তি পেয়েছে। এই আদর্শের বিরুদ্ধে লড়াইতে গেলে CPIM-এর স্বাধীন শক্তি ও বামপন্থীদের শক্তিশালী করা প্রয়োজন। পশ্চিমবঙ্গের রাজনৈতিক পরিস্থিতির প্রসঙ্গে বামশক্তি বৃদ্ধির প্রয়োজনীয়তা উল্লেখ করে শ্রী কারাত এ দিন বলেন, পশ্চিমবঙ্গের কমিউনিস্ট ও বাম আন্দোলনের গৌরবোজ্জ্বল ইতিহাস সব সময়েই সারা দেশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৯তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

\*\*\*\*\*

প্রয়াগরাজে মহাকুন্ডে যাওয়ার পথে দুর্ঘটনায় রাজ্যের ৬ পুণ্যার্থীর মৃত্যু হয়েছে। জানা গেছে, পশ্চিম মেদিনীপুরের গড়বেতা এবং হুগলির কামারপুকুরের দুটি পরিবার একটি গাড়িতে করে প্রয়াগরাজের উদ্দেশ্যে রওনা দিয়েছিলেন। ধানবাদের রাজগঞ্জের ডালুডিহের কাছে দু'নম্বর জাতীয় সড়কে একটি লরির সঙ্গে তাদের গাড়ির সংঘর্ষ হয়। ঘটনাস্থলে চালক শেখ রঞ্জন আলী, যাত্রী পিয়ালী সাহা, শ্যামলী সাহা, প্রণব সাহা এবং দুটি নাবালিকা অনিশা এবং আগমনী সাহার মৃত্যু হয়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন নিহতদের দেহ রাজ্যে ফিরিয়ে আনতে যথাযোগ্য ব্যবস্থা করা হবে জানিয়েছেন।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার মিনাখাঁর জয়গ্রামের কাছে ভয়াবহ দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে, আহত অন্ততঃ কুড়ি জন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সরবেড়িয়া এলাকায় একটি বিয়ে বাড়ি থেকে নিউটাউন ফেরার পথে কলকাতা-বাসন্তী হাইওয়ের জয়গ্রাম-এর কাছে একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে পরপর তিনটি বাড়িতে ধাক্কা মারে। চাপা পড়েন এক বাইক আরোহীও। ঘটনাস্থলে মৃত্যু হয় বাইক চালক মলয় মন্ডল, বাসচালক এবং ঘরের ভেতরে থাকা এক মহিলার।

বাসে থাকা ২০ জন যাত্রীও গুরুতর আহত হয়। খবর পেয়ে ঘটনাস্থলে যান পুলিশ ও এলাকার স্থানীয় বাসিন্দারা। আহতদের উদ্ধার করে প্রথমে মিনাখা গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়। পরে ১৬ জনকে কলকাতার বিভিন্ন সরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। চারজনের অবস্থা আশঙ্কাজনক।

\*\*\*\*\*

রাজ্য সরকার, অকাল বৃষ্টিতে ভিজে যাওয়া আলু নিয়ে দুশ্চিন্তায় পড়া চাষীদের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। ভিজে আলু অবিলম্বে কিনে নিতে মুখ্যসচিব মনোজ পন্থ নির্দেশ দিয়েছেন। বৃষ্টির জেরে কয়েকটি জেলায় চাষীদের আলুতে ব্যপক ক্ষতি হয়েছে। সুফল বাংলার মাধ্যমে ভেজা আলু কিনে নেওয়ার জন্য জেলা শাসকদের মুখ্যসচিব নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

পূর্ব বর্ধমান থেকে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( প্রতিবেদন- তনুশ্রী)

এদিকে, ঘূর্ণাবর্তের প্রভাবে আজও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝড় বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

\*\*\*\*\*

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ISL লীগ খেতাব জয়ের লক্ষ্যে মোহনবাগান সুপার জায়ান্ট, ওড়িশা এফসি-র মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ২১ টি করে ম্যাচ খেলেছে। মোহনবাগান ৪৯ পয়েন্ট সংগ্রহ করে লিগ শীর্ষে এবং ২৯ পয়েন্ট সংগ্রহ করে ওড়িশা রয়েছে সপ্তম স্থানে। এই ম্যাচ জিতলেই মোহনবাগান ISL লীগ খেতাব জয় করবে।

অন্যদিকে, দিল্লির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে গতকাল ISL ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল ৩-১ গোলে পাঞ্জাব এফসিকে হারিয়ে লিগ তালিকায় নবম স্থানে উঠে এসেছে। পাঞ্জাব নেমে গেছে একাদশ স্থানে।

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে গতকাল অপর ম্যাচে এফসি গোয়া, কেরালা ব্লাস্টার্স কে ২-০ গোলে হারিয়ে দিয়েছে। ২১ ম্যাচে ৪২ পয়েন্ট নিয়ে গোয়া এখন লিগ তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে। দশম স্থানে রয়েছে কেরালা।

\*\*\*\*\*